

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর
জুড়িসিয়াল মুনিখানা শাখা
www.madaripur.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪১.৫৪০০.১২৩.১৪.০১৬.২৪- ৬৫৯/১

১০ অগ্রহায়ণ ১৪৩১
তারিখ: _____
২৫ নভেম্বর ২০২৪

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আহতদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠিত হয়েছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত আহতদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশিত হয়েছে এবং যাচাই কার্যক্রম চলমান রয়েছে।

০১। গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে আহত হয়েছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি বা তালিকায় অসম্পূর্ণ তথ্য রয়েছে এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা হয়েছে।

০৩। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট শহীদ/নিখোঝ ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তাঁর পরিবারের সদস্য বা আঞ্চীয়কে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করতে হবে।

এমতাবস্থায় মাদারীপুর জেলার কোন বাসিন্দা যদি মাদারীপুর জেলা অথবা অন্য কোন জেলায় ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে সম্পৃক্ত হয়ে আহত হয়ে থাকেন কিন্তু তালিকাভুক্ত হননি বা তালিকায় অসম্পূর্ণ তথ্য রয়েছে এমন ব্যক্তির ক্ষেত্রে তাঁর পরিবারের সদস্য বা আঞ্চীয়কে আগামী ৩০ নভেম্বর ২০২৪ খ্রি তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অথবা বিশেষ সেলের দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (muspecialcell36@gmail.com) বরাবর পূর্ণাঙ্গ আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

৫৫/৮১
২৫/১০/২০২৪

মোছা: ইয়াসমিন আকতার

জেলা ম্যাজিস্ট্রেট

মাদারীপুর

dcmadaripur@mopa.gov.bd

তারিখ: _____
১০ অগ্রহায়ণ ১৪৩১
২৫ নভেম্বর ২০২৪

স্মারক নম্বর- ০৫.৪১.৫৪০০.১২৩.১৪.০১৬.২৪- ৬৫৯/১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো : (জ্যোত্তরার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. দলনেতা (অতিরিক্ত সচিব), গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. পুলিশ সুপার, মাদারীপুর।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মাদারীপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার মাদারীপুর (সকল), মাদারীপুর।
৮. জেলা তথ্য অফিসার, মাদারীপুর (বিজ্ঞপ্তি আবশ্যিকভাবে জরুরিভূতিতে সকল উপজেলায় বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৯. সভাপতি/সাধারণ সম্পাদক, মাদারীপুর প্রেস ক্লাব।
১০. অফিস কপি।

৫৫/৮১
২৫/১০/২০২৪

জেলা ম্যাজিস্ট্রেট

মাদারীপুর